

ডাকঘর

আমি সাধারণের দলে পড়ি
 জন্মসূত্রে আমার কোনো উত্তরাধিকার নেই
 একবার জন্ম নিয়েছি শুধু এটুকুই বলতে পারি
 কোন অনুদান নেই ভাত- কাপড়ের ওপর
 চিঠি লিখি দু-একবার।
 তোমার প্রতি আমার দাবি নেই
 কয়েক হাজার বছর ধরে,
 পিছিয়ে পড়া রাজ্যপাট নিলাম হয়
 জীবা বেরিয়ে আসে অন্তরমহল থেকে।
 কয়েকযুগের আটপৌরে ফসিল।
 আমি সাধারণ বেনাম- গোত্রহীন
 কোনো অতীত নেই কয়েক যুগ।
 এখন,
 অযাচিত স্বপ্ন আমায় লিখতে বলে
 আরও লিখতে বলে।
 পথে পথে থাকে সিঁড়ি কাঠ, দালান
 আর আমার জমানো চিঠি।

তপোব্রত দাস

